উপজেলা আইন -শৃংখলা কমিটির জুলাই/২০১৮ মাসের সভার কার্য-বিবরণীঃ

| | | |
|---|---|---|
| তারিখ | : | ২৫/৭/২০১৮ খ্রিঃ |
| সময় | : | সকাল ১১:০০ টা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| সভাপতি | : | মোঃ জাহাঙ্গীর আলম,<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সাঁথিয়া, পাবনা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা "পরিশিষ্ট-ক" তে সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সাঁথিয়া উপজেলা আইনশৃংখলা কমিটির সম্মানিত উপদেষ্টা,চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যান ও উপজেলা আইন-শৃংখলা কমিটির সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি সাঁথিয়া উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্থিতিশীল ও স্বাভাবিক থাকায় সকলকে ধন্যবাদ জানান। তিনি গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আইন-শৃঙ্খলা কাজে নিয়োজিত থানার অফিসার-ইন-চার্জসহ সংশ্লিষ্টগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

**ঃ অপরাধ চিত্রের তুলনা মুলক বিবরণীঃ**

জুলাই/ ২০১৮ মাস

| নারী,শিশু নির্যাতন ও অন্যান্য | নারী ,শিশু নিযাতন, ধর্ষন | সড়ক দুর্ঘটনা | খুন | মাদক | দস্যুতা | পুলিশ আক্রান্ত | সিধেল চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| - | ০২ | - | - | ০৯ | ০১ | - | - | ১২ | ২৪ |

জুন / ২০১৮ মাস

| নারী,শিশু নিযাতন ও অন্যান্য | নারী ,শিশু নিযাতন, ধর্ষন | সড়ক দুর্ঘটনা | খুন | মাদক | দস্যুতা | পুলিশ আক্রান্ত | সিধেল চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| - | ০১ | - | - | ১৪ টি | - | - | - | ১৫ | ৩১ |

০১. বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ঃ

জুলাই/ ২০১৮ মাস মাসের সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। :

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১। | মোবাইল কোর্ট : জুলাই ২০১৮ মাসে উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা করাত কল বিধিমালা ২০১২ এর ৬ ধারায় মোবাইল কোর্টের মাধ্যমে ৫০০.০০ টাকা জরিমানা আদায় করা হয়। জুলাই ২০১৮ মাসে সহকারি কমিশনার(ভূমি), সাঁথিয়া, পাবনা ড্রাগ এ্যাক্ট ১৯৪০ এর ১৮ ধারা ভঙ্গ করায় ২৭ ধারা মোতাবেক মোবাইল কোর্টের মাধ্যমে ৭০০০.০০ টাকা জরিমানা আদায় করা হয় । | জনস্বার্থে সরকারি বিধি মোতাবেক খাদ্য, ফল, দুধ ও আনুষঙ্গিক বিষয়ে বেশী বেশী মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট,সাঁথিয়া, ওসি সাঁথিয়া /আতাইকুলা থানা এবং |
| ০২ | বাল্য বিবাহ নিরোধ :<br>সভাপতি সভায় জানান যে, বাল্য বিবাহ নিরোদে গত মাসের সিদ্ধান্ত মোতাবেক অজ্ঞাত , নিরক্ষর, আইন জানে না তাদের গণসচেতনা বৃদ্ধির জন্য মাসিক এজেন্ডা তৈরি করে সভা/সভাবেশ করেছেন কিনা প্রশ্ন করে উপস্থিত চেয়ারম্যান ইউপি সকলের নিকট জানতে চান। জবাবে উপস্থিত সকল চেয়ারম্যান সকল ইউপি আগামীতে এজেন্ডা তৈরি করা হবে মর্মে জানান। কঠোর আইনে মুখোমুখি হতে হবে মর্মে মাননীয় সংসদ সদস্য-৬৮ পাবনা -১ সভায় জানান। সভাপতি সভায় জানান যে, বিবাহ নিবন্ধক কোন ক্রমে বা এ্যাভিডেভিট করে বাল্য বিবাহ করান তা হলে ০১ মাসের মধ্যে সংবাদ পেলে মোবাইল কোর্ট এর আওতায় শাস্তি প্রদান করা হবে। তিনি আরো জানান যে, চেয়ারম্যানগণ গ্রাম পুলিশদের বসিয়ে রেখে বাল্য বিবাহ বন্ধ করেন। এ ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা জ্ঞাপন করেন। | ইউপি চেয়ারম্যানগণ সাধারণ মানুষের গণসচেতনা বাড়ানোর জন্য স্ব-স্ব অধিক্ষেত্রে সভা, সমাবেশ করে জণগণের গণসচেতনা বৃদ্ধির লক্ষ্যে মাসিক এজেন্ডা তৈরি করে সভা/সমাবেশ করে কার্যবিবরণী পাঠাবেন মর্মে পুনঃ সিদ্ধান্ত গৃহিত হয় । | , ইউপি চেয়ারম্যানগণ (সকল)সহ সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **জঙ্গী ও সন্ত্রাস দমন:**<br>চেয়ারম্যান, ক্ষেতুপাড়া ইউপি উপস্থিত সকলকে সুস্বাগত জানিয়ে সভায় জানান যে, আইন-শৃঙ্খলা ভাল। জঙ্গী কার্যক্রমরোধ কল্পে ভাড়াটিয়াদের বাড়ীভাড়া ফরমপূরণ করে সংশ্লিষ্ট দপ্তরে জমা প্রদানের পুণঃ অঙ্গীকার ব্যক্ত করেন। মাননীয় সংসদ সদস্য সভায় জানান যে, দলীয় খাতিরে, আত্বিয়তার খাতিরে, ধর্মীয় কারণে জঙ্গী-সন্ত্রাসীরা অবস্থান করেন। এ ব্যাপারে নজরদারীর পুনঃ আহবান করেন। এ উপজেলায় কতটা ভাড়াবাড়ী আছে তাদের লিষ্ট মালিক ও ভাড়াটিয়াদের তথ্য সংরক্ষণ করার জন্য আহ্বান। উগ্র মৌলবাদী চরমপন্থী তৎপরতা লক্ষ্য করতে আইন-শৃঙ্খলা বাহিনীকে নজরদারির গভীরে যাবার নির্দেশনা প্রদান করেন। | চেয়ারম্যানগণ, বাড়ীভাড়ার ফরম সংশ্লিষ্ট ইউপি সাধারণ আসনের সদস্য/সংরক্ষিত আসনের সদস্যদের দ্বারা পূরণপূর্বক ভাড়াটিয়ার বিস্তারিত তথ্য/উপাত্ত সংরক্ষণ করবেন এবং আইন-শৃঙ্খলা কাজে নিয়োজিতদেরকে প্রদানের পুণঃ সিদ্ধান্ত গৃহিত হয়।<br>নতুন আগত লোকদের বিশেষ নজরদারীতে রাখার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর প্রতি পুণঃ নির্দেশনা প্রদান করেন। | মেয়র/চেয়ারম্যান সকল, থানার ও,সি এবং সংশ্লিষ্ট সকল। |
| ০৪(১)। | **চুরি ডাকাতি :**<br>চেয়ারম্যান, ক্ষেতুপাড়া ইউপি উপস্থিত সকলকে সুস্বাগত জানিয়ে সভায় জানান যে, আইন-শৃঙ্খলা ভাল। গরু চোরের শাস্তি দেওয়ায় গরু চোরের এখন উপদ্রপ নেই। সভাপতি, প্রেসক্লাব, সাঁথিয়া, পাবনা উপস্থিত সকলকে সুস্বাগত জানিয়ে সভায় জানান যে, ছিনতাই, গণধর্ষণ ও হত্যাকান্ড ঘটছে। চেয়ারম্যান, করমজা সভায় জানান যে, করমজাতে ডাকাতি সংঘটিত হয়েছে। সভাপতি, সভায় জানান যে, অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা/আতাইকুলা থানাকে গ্যাং দিয়ে ইনফরমেশন সংগ্রহ করে দোষীকে ধরার জন্য আহবান জানান। সুশীল কুমার, বিশিষ্ট সমাজসেবক সভায় জানান যে, বর্তমান পরিস্থিতিতে হিন্দু সম্প্রদায় সুন্দরভাবে বসবাস করছে। কিন্তু ধূলাউরিতে একটি মিষ্টির দোকানে কিছু ক্ষতি হয়েছে। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬৮, পাবনা-১ সভায় জানান যে, হত্যা/ হত্যার হুমকি ইত্যাদি বিষয়ে ওসি , সাঁথিয়া, পাবনাকে গুরুত্বের সাথে নেয়ার আহবান জানান। তিনি আরো জানান যে, ধূলাউরিতে হিন্দু মিষ্টির দোকান বন্ধ কেন তদন্ত করে দেখার নির্দেশনা প্রদান করেন। আসন্ন ঈদ-উল-আযহার সময় হাট-বাজারসহ গুরুত্বপূর্ণ স্থানে গ্রাম পুলিশদের পাহাড়ার সিডিউল প্রস্তত করে তা থানায় পাঠানোর জন্য বলা হয়। বিষয়টি সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা কাজে নিয়োজিতদের দেখার জন্য পুণঃ আহ্বান জানান। অফিসার-ইন-চার্জ সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, গুরুত্বপূর্ণ স্থান নির্ধারণ করে তালিকা সংশ্লিষ্ট চেয়ারম্যানদের প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। অনুলিপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য পুনঃ বলা হয়। | জনগণের নিরাপত্তার জন্য চেয়ারম্যানগণ গ্রাম পুলিশদের পাহাড়া নিযুক্ত করে আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে সামঞ্জস্যপূর্ণ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ০২। ওসি সাঁথিয়া কর্তৃক গুরুত্বপূর্ণ স্থান নির্ধারণ করে তালিকা সংশ্লিষ্ট চেয়ারম্যানদের প্রদানের পুণঃ সিদ্ধান্ত গৃহিত হয়। অনুলিপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য বলা হয়। ছিনতাই, গণধর্ষণ ও হত্যাকান্ড বন্ধ করার নিমিত্তে ওসি সাঁথিয়া থানা/ আতাইকুলা থানা, পাবনা কে গ্যাং দিয়ে সঠিক ইনফরমেশন মতে প্রকৃত দোষীকে ধরার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র, সাঁথিয়া পৌরসভা, চেয়ারম্যান(সকল), ইউপি, সভাপতি, হাটবাজার ব্যবস্থাপনা কমিটিসকল), ওসি সাঁথিয়া থানা/ আতাইকুলা থানা। |
| ০৫ | **মাদকদ্রব্য সংক্রান্ত :**<br>চেয়ারম্যান, ক্ষেতুপাড়া ইউপি সভায় জানান যে, মাদক ব্যবসায়ীকে ধরে জেল হাজতে পাঠানো হচ্ছে। ফলে আইন-শৃঙ্খলা ভাল। তবে কালু ওরয়ে কালায্যে , রসুলপুর এখনও ধরা পড়েনি। সভাপতি সভায় জানান যে, প্রত্যেক ইউনিয়নে চেয়ারম্যানগণ মাদক নিরাময় কমিটি গঠন করার জন্য পুনঃ নির্দেশনা প্রদান করেন। সভায় বক্তারা অভিমত ব্যক্ত করেন যে, জনপ্রতিণিধি হিসেবে আমাদের করনীয় আছে। মাননীয় সংসদ সদস্য-৬৮, পাবনা-১ মহোদয় সভায় জানান যে, মাদকের বিরুদ্ধে সভা সমাবেশের এজেন্ডা করে মসজিদের ইমাম, পুরোহিত, কৃষক ও বিভিন্ন শ্রেণী পেশার মানুষের সমন্বয়ে সমাবেশ করে তথ্য সংগ্রহ করে জনসচেতনার বৃদ্ধির জন্য পুনঃ আহবান জানান। অফিসার-ইন-চার্জ সভায় জানান যে, ওসি, সাঁথিয়া, পাবনা সভায় বলেন যে, ৩২ টি মাদক মামলা হয়েছে। চেয়ারম্যান(সকল), ইউপি সভায় অভিমত ব্যক্ত করেন যে, ইউনিয়নে আইন-শৃঙ্খলা ভাল। | ইউপি/পৌর ওয়ার্ড ভিত্তিক ০৫ সদস্য বিশিষ্ট মাদক নিরাময়/ প্রতিরোধ কমিটি গঠন এবং ইউনিয়ন মাদক নিরাময়/ প্রতিরোধ কমিটি গঠনের জন্য পুণবায় সিদ্ধান্ত পুণঃ গৃহিত হয়।<br>মাদকের বিরুদ্ধে সভা সমাবেশের এজেন্ডা করে মসজিদের ইমাম, পুরোহিত, কৃষক ও বিভিন্ন শ্রেণী পেশার মানুষের সমন্বয়ে সমাবেশ করে তথ্য সংগ্রহ করে জনসচেতনার বৃদ্ধির জন্য পুনঃ সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান(সকল) ইউপি, আইন-শৃঙ্খলা বাহিনী/ অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা/ আতাইকুলা, পাবনাকে উক্ত তালিকা প্রদানে দায়িত্ব প্রদান করা হলো। |
| ৬ | **যানজট:**<br>চেয়ারম্যান, করমজা ইউপি সভায় জানান যে, চতুর হাটে যানজট লাগে। নছিমন/করিমন, বাস, ট্রাক ইত্যাদি রাস্তা ব্লক করে রাখে। এ জন্য যানজট লাগে। চেয়ারম্যান, ধোপাদহ ইউপি সভায় জানান যে, রাস্তায় খরকুটা, খাস ইত্যাদি বন্ধ করার জন্য মাইকিং করেছি। তবুও বন্ধ করা যায়নি। সভাপতি সভায় জানান যে, আসন্ন ঈদ-উল-আযহার ঘরমূখী মানুষের যাত্রা নির্বিঘ্ন করার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে এ ব্যাপারটা দেখার জন্য নির্দেশনা জ্ঞাপন করেন। চেয়ারম্যান, কাশিনাথপুর সভায় জানান যে, হাট ইজাদার পাল্টানোর সাথে ইজারাদার টাকা নিয়ে হাটে ঘরতোলার অনুমতি প্রদান করেন। সভাপতি সভায় জানান যে, অবৈধ উত্তোলিত ঘর/দোকান আইনি ভাবে ভেঙ্গে দেয়া হবে। যানজট নিরসনে গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন আইন-শৃঙ্খলা বাহিনী, মেয়র/চেয়ারম্যান ও জনপ্রশাসন সমন্বয়ে রাস্তার উপরে, পাশে, দোকানের পাশে/ সামনে ফল ব অন্যান্য দোকান বন্ধ/ উচ্ছেদ করার পুনঃ আহবান জানান। | জনস্বাথে রাস্তায় খরকুটা, খাস ইত্যাদি বিছানো বন্ধ করার জন্য সভায় আইন-শৃঙ্খলা বাহিনীকে এ ব্যাপারটা দেখার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়াও হাটবাজারে অবৈধ দোকান/ঘরা আইনিভাবে ভেঙ্গে দেযার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র, সাঁথিয়া পৌরসভাসহ চেয়ারম্যান(সকল) ইউপি, বনিক সমিতির সভাপতি, ও সি সাঁথিয়া থানা / আতাইকুলা থানা,পাবনা এবং সংশ্লিষ্ট। |

| | | | |
|---|---|---|---|
| ৭। | **বিবিধ(১)**<br>**এইচএসসি/ডিগ্রী পরীক্ষা সংক্রান্ত :**<br>**অধ্যক্ষ, সাঁথিয়া** ডিগ্রী কলেজ, সাঁথিয়া, পাবনা সভায় বলেন যে, শিক্ষার্থীদের পরীক্ষা ভালভাবে হয় সে সম্পর্কে সংশ্লিষ্টকে সজাগ থাকার আহ্বান জানান। হাটবারে যানজটে পরীক্ষার্থীগণ ভোগান্তিতে পড়ে। গত পরীক্ষাগুলোর মত আগামী পরীক্ষায় যাতে পরীক্ষার্থী নির্বিঘ্নে চলাচল করতে পারে সে দিকে ওসি, সাঁথিয়া/ আতাইকুলা থানাকে বিশেষ সতর্কতা ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন।<br>**(২) ইভটিজিং :**<br>সভাপতি, সভায় উপস্থিত সকলে বিগত সময়ে সাঁথিয়ায় ইভটিজিং না হওয়ায় সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা বাহিনীকে ধন্যবাদ প্রদান করেন। এধারা অব্যাহত রাখার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে নিরবাচ্ছিন্নভাবে কাজ করার জন্য উদাত্ত আহ্বান জানান। | পরীক্ষা চলাকালীন সময়ে যানজট নিরসনে সাঁথিয়ায় ট্রাফিক পুলিশ নিয়োগে উর্দ্ধতন কর্তৃপক্ষকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং আইন-শৃঙ্খলা বাহিনীর তৎপরতা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, সাঁথিয়া পৌরসভা, ওসি, সাঁথিয়া/ আতাইকুলা, বনিক সমিতির সভাপতি, মটরযান সমিতির সভাপতি এবং সংশ্লিষ্ট। |
| | **(৩) সরকারী রাস্তা বিনষ্টকারী পুকুর/খাল মালিকদের সতর্ককরণ :**<br>সভাপতি সভায় জানান যে, নতুন করে কোন কৃষি জমি নষ্ট করে পুকুর কাটা যাবে না মর্মে গণসচেতনা বৃদ্ধির জন্য চেয়ারম্যানদের আহবান জানান। গ্রাম পর্যায়ে রাস্তা বিনষ্টকারীদের তালিকা প্রস্তুত করে থানায় / উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পাঠানোর পুনঃ আহবান জানান। | রাস্তা বিনষ্টকারী পুকুর/খাল মালিকদেরকে পাইলিং করে রাস্তা ঠিক করতে বাধ্য করার জন্য চেয়ারম্যান(সকল)কে দায়িত্ব পালনের জন্য পুণঃ সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান(সকল), ইউপি ও সহকারি কমিশনার(ভূমি), সংশ্লিষ্ট(সকল) |
| | **(২) দলিল লেখক সমিতি: সাব-রেজিস্টার , সাঁথিয়া, পাবনা** কে তাঁর কার্যালয়ে হেল্প ডেস্ক স্থাপন করে দলিল লেখকের মৌজাওয়ারী মূল্য তালিকা সহ প্রয়োজনীয় জনসেবা দেবার পুনঃ প্রস্তাব দেন। | সুস্পষ্টভাবে দৃশ্যমান জায়গায় সরকারি ফি যা নির্ধারণ করা আছে তা সিটিজেন চার্টারে উল্লেখপূর্বক হেল্প ডেস্ক স্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সাব-রেজিস্টার, সাঁথিয়া, পাবনা। |
| | **(৩) হত্যাকান্ড :** সভাপতি সভায় জানান যে, তেবাড়ীয়া হত্যাকান্ড সত্যি লোম হর্ষক। দিনে দুপুরে হাট চলাকালীন হাটের মধ্যে এ হত্যাকান্ড প্রমাণ করে হত্যাকারীরা আইন/ আইন প্রয়োগ সংস্থাকে ভয় পায় না। দোষীকে আইনি আওতায় আনতে হবে। তবে নির্দোষ কেউ যেন হয়রানির শিকার না হয় সেজন্য আইন শৃঙ্খলা বাহিনীকে সতর্ক থাকার নির্দেশনা জ্ঞাপন করেন। | প্রকৃত দোষী কে দ্রুত আইনের আওতায় আনার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | আইন-শৃঙ্খলা বাহিনী, অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা/আতাইকুলা থানা। |
| | **(৪) কচুরি পানা :** চেয়ারম্যান, ক্ষেতুপাড়া ইউপি সভায় জানান যে, কচুরিপানার উপদ্রপ নিয়ন্ত্রন করা যায় কিনা সভায় অভিমত ব্যক্ত করেন। সভাপতি, সভায় উপজেলা কৃষি অফিসার, সাঁথিয়া, পাবনাকে কৃষকের স্বার্থে কি করনীয় আছে তা উন্মুক্ত আলোচনার আহবান জানান। উপজেলা কৃষি অফিসার, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, কচুরিপানা পঁচায়ে কম্পোস্ট সার তৈরি করা প্রক্রিয়া চলছে। মেয়র, সাঁথিয়া পৌরসভা সভায় জানান যে, বিলে কচুরিপানা ছেয়ে গেছে। এ টা নিয়ন্ত্রণ/ ধ্বংস করার উপায় সম্পকে সভায় আলোচনার আহবান জানান। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬৮, পাবনা-১ সভায় জানান যে, কচুরি পানা দিয়ে জৈবিক সার বানানোর উপায় উপজেলা কৃষি অফিসার, সাঁথিয়া, পাবনাকে তাঁর উর্ধতন অফিসারের সাথে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | কচুরি পানা দিয়ে জৈবিক সার বানানোর উপায় উপজেলা কৃষি অফিসার, সাঁথিয়া, পাবনাকে তাঁর উর্ধতন অফিসারের সাথে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, সাঁথিয়া, পাবনা এবং সংশ্লিষ্ট সকল। |

৮.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ জাহাঙ্গীর আলম)
সভাপতি
উপজেলা আইন শৃংখলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
সাঁথিয়া, পাবনা।
www.santhia.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬৭২.০০০.০৭.০০৫.১৮- ১০৫৫(৪০) তারিখ : ২৫-০৭-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। জনাব এ্যাড. শামসুল হক টুকু, মাননীয় সংসদ সদস্য -৬৮, পাবনা -১।
২। জেলা প্রশাসক, পাবনা।
৩। পুলিশ সুপার, পাবনা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া ,পাবনা ।
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।
৬। মেয়র, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা।
৭। উপজেলা ............................................... অফিসার, সাঁথিয়া, পাবনা।
৮। চেয়ারম্যান, ---------------------- ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া,পাবনা।
৯। জনাব / বেগম--------------------------------------------
১০। সভাপতি, ---------------------------- হাট/বাজার কমিটি, সাঁথিয়া, পাবনা

২৫/৭/১৮

উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

2/7/2018